

## প্রশিক্ষণ ক্লাসের সময় সূচি

প্রশিক্ষণ ক্লাসের সময়সূচি প্রশিক্ষণ ক্লাস শুরু হওয়ার পূর্বে নোটিশের মাধ্যমে জানানো হবে।  
উল্লেখ্য:

- প্রত্যেক বিষয়ে সপ্তাহে ২ (দুই) দিন প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হবে।
- বয়সভেদে ক্লাসের সময় ও শাখা নির্ধারণের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- শীতকাল ও রমজান মাসে সময়সূচির পরিবর্তন হতে পারে। বিশেষ কোনো দিবস উপলক্ষে ক্লাস বন্ধ থাকলে ক্লাসের পরিবর্তে অনুষ্ঠানে উপস্থিত থাকতে হবে। প্রশিক্ষণার্থীদের নোটিশের মাধ্যমে যথাসময়ে তা জানিয়ে দেয়া হবে।
- সকল প্রকার নোটিশ শ্রেণিকক্ষে সরবরাহ করা হয়। এছাড়া একাডেমির নোটিশ বোর্ড/মোবাইলের মেসেজ/একাডেমির ওয়েবসাইট-এ দেখার জন্য অনুরোধ করা হলো।

## প্রশিক্ষণার্থীর ইউনিফর্ম

ছেলেরের জন্য : লাল শার্ট, সবুজ প্যান্ট, কালো জুতা (বোটা স্কুল'স) এবং সাদা মোজা পরতে হবে।  
মেয়েদের জন্য : লাল টপস, সবুজ স্কার্ট, কালো জুতা (বোটা স্কুল'স), সাদা মোজা এবং চুলে সাদা ফিতা পরতে হবে।  
ক) নিয়মিত ইউনিফর্ম পরে ক্লাসে আসতে হবে।  
খ) শীতকালে লাল সোয়েটার পরতে হবে।

## পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি

- প্রতি শিক্ষাবর্ষে ২টি শ্রেণি পরীক্ষা, অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার সময়সূচি শিশু একাডেমির নোটিশ বোর্ড, এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে;
- প্রশিক্ষণার্থীকে ক্লাসে ৭৫% (শতাংশ) উপস্থিত থাকতে হবে। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণের করতে পারবে না।
- পরীক্ষার পূর্ণমান বর্টন সাংস্কৃতিক বিভাগ কর্তৃক নির্ধারিত হবে।
- প্রতিটি পরীক্ষার সবক'টি বিষয়ে অংশগ্রহণ করতে হবে।
- কোনো শিক্ষার্থী শ্রেণি পরীক্ষা/অর্ধ-বার্ষিক/বার্ষিক পরীক্ষার কোনো বিষয়ে অনুপস্থিত থাকলে উক্ত শিক্ষার্থী অকৃতকার্য বলে বিবেচিত হবে।
- প্রতিটি পরীক্ষায় প্রত্যেক বিষয়ে আলাদাভাবে ৪০% নম্বর উত্তীর্ণ মান বলে বিবেচিত হবে।
- লাইব্রেরি ও জাদুঘর ব্যবহার এবং অনুষ্ঠানে উপস্থিতির জন্য অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষায় প্রতিটিতে ৫ নম্বর করে মোট ১৫ নম্বর যুক্ত হবে।
- বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সংশোধন, সংযোজন ও পরিবর্তন হতে পারে।

মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০ কর্তৃক প্রকাশিত।  
প্রকাশকাল : নভেম্বর ২০২১। যোগাযোগ: ৯৫১-৩৪০০



# প্রশিক্ষণ বিষয়ক তথ্য নির্দেশিকা

শিক্ষাবর্ষ : জানুয়ারি-ডিসেম্বর



বাংলাদেশ শিশু একাডেমি

কেন্দ্রীয় কার্যালয়

দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০

www.shishuacademy.gov.bd



# প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য নিবেদিকা

## প্রশিক্ষণ কোর্সের বিষয় ও মেয়াদ

সংগীত	৪ বছর
নৃত্য, চিত্রাংকন ও সৃজন, আবৃত্তি ও উপস্থাপনা শৈলী এবং হাওয়াইয়ান/স্প্যানিশ গিটার তবলা, নাট্যকলা, ইংরেজি ভাষা শিক্ষা	৩ বছর
দালা, কম্পিউটার, সুন্দর হাতের লেখা, বাঁশি, বেহালা, দোতারা	২ বছর
	১ বছর

## প্রশিক্ষণ ক্লাস

বিষয়ভিত্তিক সপ্তাহে ২ (দুই) দিন। যেমন-

বৃহস্পতিবার ও শুক্রেবার : সংগীত, নৃত্য, হাওয়াইয়ান/স্প্যানিশ গিটার, তবলা, দালা।

শুক্রেবার ও শনিবার : চিত্রাংকন ও সৃজন, আবৃত্তি ও উপস্থাপনা শৈলী, নাট্যকলা, কম্পিউটার

ইংরেজি ভাষা শিক্ষা, সুন্দর হাতের লেখা, বাঁশি, বেহালা, দোতারা।

## ভর্তির বয়সসীমা

০১। সকল বিষয়ে ৬ থেকে ১৩ বছর পর্যন্ত। ভর্তির সময় প্রশিক্ষণার্থীর সঠিক জন্মনিবন্ধন সনদ প্রদানের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় পরবর্তীতে ভেরিফিকেশনের মাধ্যমে তথ্য ভুল প্রমাণিত হলে স্বয়ংক্রিয়ভাবে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

## ভর্তি প্রক্রিয়া

ক) ভর্তির জন্য শিশু একাডেমির ওয়েব সাইট [www.shishuacademy.gov.bd](http://www.shishuacademy.gov.bd) থেকে অন-লাইনে ফরম উইনলোড করে অথবা সরাসরি অফিস থেকে ফরম সংগ্রহের পর পূরণ করে নির্ধারিত টাকা জমা দিয়ে ভর্তি হওয়া যাবে।

খ) ভর্তি ফি মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, হিসাব নং এসটিডি ০২০০০০২৫৭২৮৯ অত্রণী ব্যাংক লিমিটেড, বাংলা একাডেমি শাখা, ঢাকা অথবা অন্য যেকোন শাখায় জমা দেওয়ার পর মূল রশিদ ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ ফরম সংস্কৃতিক (প্রশিক্ষণ) বিভাগে জমা দিয়ে পরিচয়পত্র সংগ্রহ করতে হবে।

গ) বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরাসরি সাংস্কৃতিক (প্রশিক্ষণ) বিভাগে এসে শুধুমাত্র চিত্রাংকন ও সৃজন বিষয়ে ভর্তি হওয়া যাবে।

ঘ) ফরমের সঙ্গে মাতা, পিতা ও প্রশিক্ষণার্থীর ২ কপি পাসপোর্ট সাইজের ও ১ কপি স্ট্যাম্প সাইজের ছবি, মাতা, পিতা উভয়ের জাতীয় পরিচয় পত্রের (NID) কপি এবং প্রশিক্ষণার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

ঙ) একজন প্রশিক্ষণার্থী ক্লাস সময়ের সাথে সামঞ্জস্য রেখে বৃহস্পতি ও শুক্রেবারের বিষয় হতে ১টি এবং শুক্ত ও শনিবারের বিষয় হতে ১টি সহ সর্বোচ্চ ২টি বিষয়ে ভর্তি হতে পারবে।

## ভর্তি ফি

সকল বিষয়ের জন্য প্রতি বর্ষ এককালীন ভর্তি ফি ২,৫০০/- (দুই হাজার পাঁচ শত) টাকা। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য ১৫০/- (এক শত পঞ্চাশ) টাকা।

**ভর্তির পরে কোনোভাবেই বিষয় এবং শাখা পরিবর্তন করা যাবে না।**

## প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য

০১। ভর্তির সময় প্রশিক্ষণার্থীর অভিভাবককে নির্ধারিত অর্ধিকারনামা পূরণ করে প্রশিক্ষণ বিভাগে জমা দিতে হবে। এছাড়া প্রশিক্ষণার্থীর প্রকৃত জন্মনিবন্ধন সনদের কপি, ২ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজ ছবি, মাতা ও পিতা উভয়ের ১ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজের ছবি এবং জাতীয় পরিচয় পত্রের (NID) কপি সংযুক্ত করতে হবে।

০২। ভর্তির পর ২য় সপ্তাহের মধ্যে হাজিরা খাতায় নাম অন্তর্ভুক্ত না হলে কিংবা প্রশিক্ষণ ক্লাস বা পরীক্ষা সংক্রান্ত কোনো ধরনের জটিলতা সৃষ্টি হলে প্রশিক্ষণ ক্লাসের কমপক্ষে ১ ঘণ্টা পূর্বে বা পরে প্রশিক্ষণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করবেন।

০৩। আর্থিকভাবে অসম্ভব অভিভাবকদের প্রশিক্ষণার্থী ভর্তির জন্য মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪। পরীক্ষায় অনুত্তীর্ণ হলে অথবা পরীক্ষায় অনুপস্থিত হলে পরবর্তী সেশনে পুনরায় ফি জমা দিয়ে ভর্তি হতে হবে।

০৫। ক্লাস চলাকালীন অভিভাবকগণ শ্রেণিকক্ষে প্রবেশ করিতে পারবেন না।

০৬। একাডেমিতে শিশুদের প্রশিক্ষণ ক্লাসের পূর্বে/পরে শিশুর সকল প্রকার দায়-দায়িত্ব নিজ নিজ অভিভাবকের।

০৭। বাংলাদেশ শিশু একাডেমিতে উদযাপিত জাতীয়/নির্ধারিত অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদেরকে উপস্থিত থাকার জন্য আশ্বান জানানো হবে। সেক্ষেত্রে প্রশিক্ষণার্থীসহ অভিভাবকগণকে উপস্থিত থাকতে হবে।

০৮। একাডেমি প্রাঙ্গণে কর্তৃপক্ষের অগোচরে অনেক সময় বহিরাগত ব্যক্তির বিভিন্ন প্রতিযোগিতার নাম করে ফরম বিক্রির মাধ্যমে শিশু ও তার অভিভাবকদের প্রতারণিত করতে পারে। এ বিষয়ে অভিভাবকদের সতর্ক থাকতে হবে।

০৯। কোনো কারণে শিশু/অভিভাবকের পরিচয়পত্র হারিয়ে গেলে ১ কপি স্ট্যাম্প সাইজের ছবিসহ প্রশিক্ষণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার বরাবর আবেদন করতে হবে। আবেদন গৃহীত হলে ৫০.০০ (পঞ্চাশ) টাকার রশিদ কেটে সাংস্কৃতিক বিভাগ থেকে নতুন পরিচয়পত্র গ্রহণ করতে হবে।

১০। কোনো প্রশিক্ষণার্থী তার ফলাফল কার্ড হারিয়ে ফেললে তাকে প্রশিক্ষণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার বরাবর আবেদন করতে হবে। আবেদন গৃহীত হলে ১০০.০০ (এক শত) টাকার রশিদ কেটে প্রশিক্ষণ বিভাগ থেকে নতুন ফলাফল কার্ড গ্রহণ করতে হবে।

১১। প্রত্যেক শিশু ও অভিভাবককে প্রশিক্ষণ বিভাগ থেকে পরিচয়পত্র প্রদান করা হবে। কোনো অভিভাবক পরিচয়পত্র ছাড়া শিশুকে নিয়ে একাডেমি প্রাঙ্গণে প্রবেশ করতে পারবেন না। তবে কোনো বিশেষ কারণে পরিচয়পত্রহীন অভিভাবককে শিশুর সঙ্গে একাডেমিতে পাঠাতে হলে প্রশিক্ষণ বিভাগের সঙ্গে যোগাযোগ করে যথাসময়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## চিত্রাংকন ক্লাসের জন্য প্রয়োজনীয় তথ্য

ক) ৬-৯ বছর বয়সের শিশুরা ১২x১৮ সাইজের বোর্ড এবং ১০-১৩ বছর বয়সের শিশুরা ১২x২৪ সাইজের বোর্ড আনবে।

খ) শিশুরা প্যাটেন্ট কালার/ ওয়াটার কালার/ পোস্টার কালার/ অয়েল কালার-এর মধ্য থেকে যে কোনো ১২ টা কালার স্রেণি প্রশিক্ষকের পরামর্শ অনুযায়ী আনবে।

গ) কার্টিস পেপারের ড্রয়িং খাতা ১/২ টি আনবে।